

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পরিবারের নারী ও  
মেয়ে শিশুদের প্রতি সদয় আচরণে  
আমাদের সদিচ্ছাই যথেষ্ট ।  
প্রতিটি দিন, প্রতিটি সময়, প্রতিটি ঘরে  
নারীর মর্যাদা ও নারীর সম্মানের বিষয় নিয়ে ভাবি  
এবং তাদের সাথে উত্তম আচরণ করি ।  
আসুন, এ কাজ প্রথমে আমাদের নিজ  
পরিবার থেকে শুরু করি ।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পবিত্র কুরআনে বলা হয়েছে -  
“তাঁর নির্দশনের মধ্যে রয়েছে, তিনি  
তোমাদের জন্যে তোমাদের মধ্য থেকে তোমাদের  
সংগিনীদের সৃষ্টি করেছেন, যাতে তোমরা তাদের  
নিকট প্রশান্তি পাও এবং তিনি তোমাদের মধ্যে  
পারস্পরিক ভালোবাসা ও দয়ার সৃষ্টি করেছেন। চিন্তাশীল  
সম্প্রদায়ের জন্য এতে অবশ্যই বহু নির্দর্শন রয়েছে”।  
[সুরা আর-রুম, ২১ নং আয়াত]

আসুন, পরিবারের নারী ও মেয়ে শিশুদের  
যথাযথ সম্মান ও মর্যাদা দেই।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

সুনান আল তিরমিজীতে বলা হয়েছে -  
“মু’মিনদের মধ্যে পরিপূর্ণ ঈমানদার হচ্ছে  
সেই ব্যক্তি, যে সর্বোত্তম চরিত্রের অধিকারী  
এবং তার পরিবারের নারীদের প্রতি  
আচরণে সবচেয়ে ভাল”।

আসুন, নারীর প্রতি সহিংসতা রোধে  
সবাই এক্যবন্ধভাবে কাজ করি।